

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

নং-১২.০১.০০০০.৩৮.১১.০০৮.২০১৩-৭নং৬৪

তারিখঃ ০৫/০৯/১৩

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অধীন নিম্নবর্ণিত পদ অস্থায়ীভাবে সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায় পূরণ করার নিমিত্ত রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা ব্যতিরেকে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (শুধুমাত্র মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১.	উপ-সহকারী কৃষি কর্মকর্তা	২১৭টি	৬৪০০-১৪২৫৫/-	১. মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ১৮-৩২ বছর। ২. মুক্তিযোদ্ধা নাতী-নাতনীদেবর ক্ষেত্রে ১৮-৩০ বছর হতে হবে।	এসএসসি/ সমমানসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের আওতায় কৃষি ডিপ্লোমাবারী।	জেলা কোটা শূন্য না থাকায় নিম্নবর্ণিত জেলা সমূহের বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেইঃ মানিকগঞ্জ, গাজীপুর, টাংগাইল, নরসিংদী, ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, নাটোর, সিরাজগঞ্জ, গাইবান্ধা, মাগুড়া, নড়াইল, খুলনা, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, ফরিদপুর, রাজবাড়ী ও মাদারীপুর।

নিয়োগের শর্তাবলীঃ

১. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে।
২. দরখাস্তে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, পত্র যোগাযোগের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, ধর্ম, জাতীয়তা, নাগরিকত্ব এবং বয়স (৩০/০৯/২০১৩ খ্রিঃ তারিখে) বছর, মাস ও দিনসহ উল্লেখ করতে হবে।
৩. আবেদনপত্র অতিরিক্ত পরিচালক (প্রঃ ও পাঃ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে সরকারী রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
৪. আবেদনপত্র আগামী ৩০/০৯/২০১৩ খ্রিঃ তারিখে বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
৫. প্রার্থীকে আবেদনপত্র প্রেরণের খামের ওপর প্রার্থীর পদের নাম ও নিজ জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৬. আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কাউন্সিলরের নিকট হতে স্থায়ী নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি সত্যায়িত করে দাখিল করতে হবে। দাখিলকৃত সকল কাগজাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল দ্বারা) কর্তৃক সত্যায়িত হতে হবে।
৭. আবেদনপত্রের সাথে বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংক ট্রেজারী চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের "উপ-সহকারী কৃষি কর্মকর্তা" পদে-নিয়োগ পরীক্ষা ফি'১-৪৩৩১-০০০০-২০৩১ কোডে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৮. আবেদনপত্র প্রেরণের খামের ওপর "মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত" স্পষ্টস্বাক্ষরে উল্লেখ করতে হবে; অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।
৯. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রয়োজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হইতে হইবে, এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
১০. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১১. স্বাক্ষরবিহীন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১২. আবেদনপত্রের সাথে ৯'' x ৪'' সাইজের একটি খামে নিজের পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ৫ (পাঁচ) টাকা মূল্যমানের ডাক টিকেটসহ প্রেরণ করতে হবে।
১৩. পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪. উল্লিখিত পদের জন্য বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
১৫. কর্তৃপক্ষ পদ সংখ্যা কম/বেশী নির্ধারণের অধিকার সংরক্ষণ করেন।
১৬. আবেদনপত্র বাছাই ও প্রার্থী নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ খলিল আজাদ)
অতিরিক্ত পরিচালক (প্রঃ ও পাঃ)
পক্ষে-মহাপরিচালক